

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।  
(web: [www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd))

স্মারক নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৩১.০০৫.২৩.১৫২

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক : পরিচালক/উপপরিচালক


বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়  
(ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ)

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল বিভাগীয় কার্যালয়ের অংশগ্রহণে ইনোভেশন শোকেসিং আয়োজন।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক** প্রণীত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম [৩.১] 'ইনোভেশন শোকেসিং' এর কর্মসম্পাদন সূচক [৩.১.১] 'আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন' করার বাধ্যবাধকতা রয়েছে।

বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আগামী ০৬ মে, ২০২৪ তারিখ বোর্ডের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক গৃহীত ইনোভেশন উদ্যোগসমূহ প্রদর্শনের জন্য প্রধান কার্যালয়ে একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এর আয়োজন করা হয়েছে। প্রত্যেক বিভাগীয় কার্যালয় হতে ০২ জন (পরিচালক ও ১জন কর্মচারী) তাঁদের ইনোভেশন উদ্যোগসমূহ ০৫ মে, ২০২৪ তারিখ প্রধান কার্যালয়ে উদ্যোগসমূহ প্রদর্শনের জন্য স্থাপন করবেন। উদ্যোগের বর্ণনা, প্রসেস ম্যাপ, লিংক ও টিসিভি বিশ্লেষণসহ প্রতিবেদন দাখিল এবং ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজের তালিকাভুক্ত উদ্ভাবনসমূহ প্রদর্শন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৫.৪.২০২৪  
(দিল আফরোজা বেগম)  
পরিচালক (প্রশাসন)  
ফোন: ০২-৮৩৯২১২০


ই-মেইল: [directoradmin@bkkb.gov.bd](mailto:directoradmin@bkkb.gov.bd)

স্মারক নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৩১.০০৫.২৩.১৫২

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক(সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপপরিচালক (প্রশাসন/উন্নয়ন/অর্থ বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।

  
১৫.৪.২০২৪  
(দিল আফরোজা বেগম)  
পরিচালক(প্রশাসন)